41

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 10 JAN 1996 ... ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৪ ......

## ডিম কিনলে গণশিক্ষার সার্টিফিকেট

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ ডিম কিনলে সাথে বিনামূল্যে সার্টিফিকেট পাওয়া যাচ্ছে। প্যাকেট হিসাবে ক্রেতাকে দেয়া হচ্ছে এ সার্টিফিকেট। নিরক্ষরদের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের গণশিক্ষা কার্যক্রমের সার্টিফিকেট আপনিও পেতে পারেন দু'চারটি ডিম কিনলে।

(শেষ পৃষ্ঠা ১ কঃ দেখুন)

## ডিম কিনলে গণশিক্ষার

(প্রথম পাতার পর)

খন্দকার আহম্মদ আলী নামে এক যুবক মঙ্গলবার ডিম কিনতে গিয়েছিলেন মোহাম্মদপুর টাউন হল এলাকায়। মোড়ক হিসাবে তিনি পেয়েছেন 'এক বছরের সাক্ষরতা কোর্স সাফল্যের সার্টিফিকেট'। দোকানীর কাছ থেকে প্রায় এক শ' ব্ল্যাঙ্ক সার্টিফিকেট তিনি হস্তগত করেছেন। মঙ্গলবার রাতে আহম্মদ আলী সেগুলো নিয়ে এসেছিলেন দৈনিক জনকণ্ঠ কার্যালয়ে। প্রতিটি সার্টিফিকেটের নিচে গণশিক্ষা কার্যক্রমের নির্বাহী পরিচালকের স্বাক্ষর রয়েছে। দেশের নিরক্ষর মানুষকে শিক্ষিত করার জন্য সরকারের শিক্ষা মন্ত্রণালয় গণশিক্ষা কার্যক্রম কর্মসূচী গ্রহণ করেছিল। কোর্সের মেয়াদ এক বছর। এ সময়ের পর সফল শিক্ষার্থীকে সার্টিফিকেট দেয়ার কথা। কিন্তু কেজি হিসাবে সার্টিফিকেট বিক্রি হওয়ায় এ শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য সম্পর্কে প্রশ্ন উঠেছে।